



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION



## 1<sup>st</sup> Terminal Examination - 2019

Subject: Bengali Text Model Answer Class: 4 A & C F.M.: 45 Duration: 1Hr. 30 Mins Date: 11.04.2019

(Marks will be deducted for untidy work, spelling mistakes and work not done in systematic manner.)

### ক - বিভাগ

১) অর্থ লেখ:

(১ X ৪ = ৪)

শব্দ	অর্থ
বল	শক্তি
প্রবৃত্তি	ইচ্ছা / অভিরুচি
কোমল	নরম
মুশকিল	অসুবিধা / বিপদ

২) বিপরীত শব্দ লেখ:-

(১ X ৩ = ৩)

শব্দ	বিপরীত শব্দ
অশ্রদ্ধা	শ্রদ্ধা
জীবন	মরণ / মৃত্যু
দুখ	সুখ

৩) শূন্যস্থান পূরণ কর:-

(১ X ৩ = ৩)

জীবন আমার করো

ফুলের মতন

শোভার আধার।

### খ - বিভাগ

৪) সংক্ষিপ্ত প্রশ্ন:-

ক)উঃ) 'প্রার্থনা' কবিতায় কবি ঈশ্বরের / ভগবানের উদ্দেশ্যে প্রার্থনা করেছেন।

এই কবিতায় কবি তাঁকে দয়াময়, সুন্দর ও সর্বশক্তিমান নামে সম্বোধন করেছেন। (১ + ২ = ৩)

খ)উঃ) পরিশ্রম না করিলে অর্থ উপার্জন করা যায় না। গৃহনির্মাণ ও কৃষিকর্ম সম্পন্ন হয় না। খাদ্যসামগ্রী, পরিধেয় বস্ত্র ও পাঠ্যপুস্তক কিছুই পাওয়া যায় না। কখনও ধনবান হওয়া যায় না। (৩)

গ)উঃ) 'বাংলা দেশ' কবিতাটি লিখেছেন সত্যেন্দ্রনাথ দত্ত।

মোদের পিতৃ - পিতামহের চরণধূলি এই দেশে ছড়িয়ে আছে।

'চরণধূলি' কথার অর্থ হল পায়ের ধুলো।

(১+১+১ = ৩)

ঘ)উঃ) মফস্সলের ছেলেটি পড়াশোনা করতে কলকাতায় এসেছিল।

কল্লনায় ছেলেটি ফরিদপুরের গ্রামের বাড়ীতে পৌঁছে যেত।

তার শৈশবের জাদু পরিণত বয়সে বিজ্ঞানে পরিণত হয়েছিল।

(১+১+১=৩)

ঙ)উঃ) বাল্যকাল থেকে সকলে পরিশ্রমী হওয়ার শিক্ষা গ্রহণ করলে বড়ো হয়ে অনায়াসে সকল কাজ করতে পারবে, অনবস্ত্রের কষ্ট হবে না এবং বৃদ্ধ পিতামাতার প্রতিপালন করিতে সমর্থ হইবে।

পৈতৃক সম্পত্তি লাভ করে অল্প লোকেই ধনবান হতে পারে।

(২ + ১ = ৩)

## গ – বিভাগ

### ৫) রচনাধর্মী প্রশ্ন:-

ক)উঃ) আলোচ্য অংশটি 'পরিশ্রমের ফল' গল্প থেকে গৃহীত হয়েছে।

লেখক হলেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

বৃদ্ধ পিতামাতাকে প্রতিপালন করা প্রতিটি সন্তানেরই উচিত কারণ, সন্তান ও যতদিন ছোটো থাকে, কর্মক্ষম না হয় পিতামাতারাও তাদের প্রতিপালন করেন।

এই প্রতিপালন না করিলে ঘোরতর অধর্ম হয়।

(১+১+২+১=৫)

খ)উঃ) হস্টেলের একপাশের জমিতে জগদীশচন্দ্র বসু একটি সুন্দর বাগান তৈরি করেছিলেন।

কারণ এই মাজাঘষা শহরটা তাঁর ভালো লাগত না। দম আটকে আসত। ছোটো থেকে তাঁর সবুজ মাঠ, নীল আকাশ দেখে অভ্যাস। এমন রসকষহীন শহরে এসে প্রাণ হাঁপিয়ে উঠত। তাই তিনি শহরটাকে ফাঁকি দেওয়ার জন্য হস্টেলের একপাশে একটি সুন্দর বাগান তৈরী করেছিলেন।

(১ + ৪ = ৫)

গ) উঃ) আলোচ্য পংক্তিটি 'প্রার্থনা' কবিতার অন্তর্গত।

কবি হলেন প্রিয়ম্বদা দেবী।

এখানে ফুলের সুগন্ধের কথা বলা হয়েছে।

'তুষি অনিবার' কথাটির মধ্যে দিয়ে কবি বলতে চেয়েছেন যে , নিজের স্বার্থের কথা চিন্তা না করে সবার

মনকে সন্তুষ্ট করে জীবনের পথে চলা।

(১+১+১+২ = ৫)

ঘ)উঃ) 'তরুলতা' বলতে বোঝায় গাছ এবং গাছে জড়িয়ে থাকা লতা।

দূর্বা হল এক ধরনের ঘাস যা বাংলা দেশের মাটিতে জন্মায়।

বাংলা দেশের দূর্বা কোমল।

এই দেশের দুর্দশার কথা শুনলে আমাদের দুঃখ হয় ও গৌরবের কথা শুনলে আমাদের আনন্দ হয়।

(১+১+১+২ = ৫)

.....XXXXXXXXXXXXXXXXX.....